

যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৯-০৪-০৮, পৃ- ১৯



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের নতুন সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রতিষ্ঠাতা ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের নতুন সভাপতি হিসেবে দায়িত্ব নিয়েছেন। ৪ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভায় বিশিষ্ট ব্যবসায়ী সৈয়দ মঞ্জুর এলাহী, বিদায়ী সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের কাছ থেকে দায়িত্ব বুঝে নেন। এ সময় ড. মোহাম্মদ ফরাসউদ্দিনকে বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা হিসেবে নতুন দায়িত্ব অর্পণ করা হয়। সভায় ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্য ও বিশ্ববিদ্যালয়ের ভিসি উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

